**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 31-12-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM-Bardowali :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ২০১৮ সালে বিজেপি নেতৃত্বাধীন সরকার ক্ষমতায় আসার পর রাজ্যে এখনো পর্যন্ত তেরো হাজারের বেশি সরকারি চাকুরী সরাসরি প্রদান করা হয়েছে। তাছাড়া যে সমস্ত পদে অফার ছাড়া এখনো বাকি, সেগুলি অতি শীঘ্রই প্রদান করা হবে। মুখ্যমন্ত্রী বলেন, এর মধ্যে রয়েছে পুলিশ ও গ্রুপ ডি পদে চাকুরী। তাছাড়া ৬ হাজারেরও বেশি স্পেশাল এক্সিকিউটিভ নিয়োগের প্রক্রিয়াও শুরু হয়েছে। গতকাল টাউন বড়দোয়ালি বিধানসভা কেন্দ্রের অন্তর্গত স্মৃতি ক্লাব এলাকায় শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের ১৯টি আইটিআই-এ পরিকাঠামগত সংস্কার ও উন্নয়নের কাজ শুরু হয়েছে। ইতিমধ্যেই টাটার সাথে সরকার মৌ স্বাক্ষর করে কম্পিউটারভিত্তিক কোর্স শুরু হচ্ছে। এই আই টি আই গুলি থেকে বছরে পাঁচ হাজার প্রশিক্ষনার্থীর প্রশিক্ষণ শেষে চাকুরীর সুযোগ করে দেওয়া হবে। মুখ্যমন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আদর্শে অনুপ্রাণিত হয়ে মহিলাদের ক্ষমতায়ন ও যুবাদের আর্থসামাজিক ভিত্তি শক্তিশালী করে এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ার লক্ষ্যে রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে।

এদিকে গতকাল আগরতলা শংকর চৌমুহনীতে দুঃস্থদের মধ্যে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরা মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে আরো ৫০টি আসন বাড়ানো হচ্ছে। এর ফলে রাজ্যে এমবিবিএস কোর্সে আসন সংখ্যা বেড়ে দাঁড়াবে ৪৫০টি।

************************

**Nal Jal Mitra :**

নল জল মিত্র প্রকল্পে গত অর্থবছর থেকে এখনো পর্যন্ত রাজ্যে ৫০০ জন সুবিধাভোগীকে বহুমুখী প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। দক্ষতা উন্নয়ন দপ্তরের অধিকর্তা মোহাম্মদ সাজ্জাদ গতকাল এ খবর জানিয়েছেন। তিনি জানান, চলতি অর্থবছরের মধ্যে ১২৬২ জনকে প্রশিক্ষণ দেবার লক্ষ্যমাত্রা নেয়া হয়েছে। মাল্টিপারপাস প্রশিক্ষণের মধ্যে রয়েছে প্লাম্বিং, ইলেকট্রিশিয়ান, রাজমিস্ত্রি, পামপ অপারেটর ইত্যাদি। প্রত্যেক গ্রাম পঞ্চায়েত থেকে একজন করে সুবিধাভোগী এই প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন। এইসব প্রশিক্ষনার্থীদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে আইটিআই ও পলিটেকনিক কলেজগুলিতে। দক্ষতা উন্নয়ন দপ্তর ও জল জীবন মিশন যৌথভাবে এই প্রশিক্ষণের দায়িত্বে রয়েছে। ৬৫ দিনের এই প্রশিক্ষণ শেষে প্রশিক্ষনার্থীরা প্রত্যেকে ১০২৪০ টাকা করে সাম্মনিক ভাতা পাবেন।

***********************

**News Year :**

আজ বিদায় নেবে ২০২৪ খ্রিষ্টাব্দ। আজ মধ্যরাতে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে নতুন বছর ২০২৫ খ্রিষ্টাব্দকে স্বাগত জানানো হবে। এরজন্য রাজ্যেও বিভিন্ন সংস্থা, সংগঠনের পক্ষ থেকে নতুন বছরকে স্বাগত জানাতে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এদিকে, বছরের শেষদিনগুলি উপভোগ করতে রাজ্যের বিভিন্ন পিকনিক স্পট ও দর্শনীয় স্থানগুলি উপচে পড়া ভিড় লক্ষ্য করা যাচ্ছে। সিপাহীজলা জেলার অন্যতম তিনটি পর্যটন কেন্দ্রে নীরমহল, সিপাহীজলা চিড়িয়াখানা ও কসবেশ্বরী কালী মন্দির প্রাঙ্গনে পর্যটক ও পিকনিক পার্টির ভিড় লক্ষ্য করা গেছে। জেলার অতিরিক্ত পুলিশ সুপার রাজীব সূত্রধর জানিয়েছেন, ভিড় হলেও শান্তি-শৃঙ্খলা বজায় রাখার বিষয়ে সতর্ক রয়েছে পুলিশ

প্রশাসন। নীরমহল ও সিপাহীজলায় পুলিশ কর্মী ছাড়াও ৫০ জন টি.এস.আর জওয়ান নিয়োজিত থাকবে নিরাপত্তার কাজে। কসবেশ্বরী কালী মন্দিরে স্থানীয় থানার পুলিশ কর্মীদের পাশাপাশি নিরাপত্তার কাজে পুলিশকে সহায়তা করবে স্থানীয় বি.ও.পির বি.এস.এফ জওয়ানরা। রাস্তায় থাকবে মোবাইল পেট্রোলিং ভ্যান ও ট্রাফিক পুলিশের নজরদারি। এদিকে নীরমহল রুদ্রসাগর উদ্বাস্তু মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি পবিত্র কুমার দাস জানিয়েছেন, শান্তি শৃঙ্খলা রক্ষায় পুলিশ টি.এস.আরের পাশাপশি নীরমহল ও রাজঘাটে সমবায় সমিতির কর্মীরাও নিয়োজিত থাকবেন।

***************************

**ADC :**

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদের চেয়ারম্যান জগদীশ দেববর্মা ইংরেজি নববর্ষ উপলক্ষ্যে রাজ্যবাসীর সুখ সমৃদ্ধি কামনা করে সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। নতুন বর্ষে সকলের জন্য উন্নয়ন বয়ে এনে রাজ্যের চিরাচরিত সর্বধর্মের প্রতীক ও জাতি উপজাতির ঐক্য মজবুত হোক কামনা করেন তিনি।

এদিকে, এ উপলক্ষ্যে পৃথক পৃথক বার্তায় মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া  এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের নির্বাহী সদস্য সুহেল দেববর্মা রাজ্যবাসীর প্রতি আন্তরিক শুভেচ্ছা জানান।

*********************************

**NHM-Unakoti :**

ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশের সভাপতিত্বে গতকাল কৈলাশহরে জাতীয় স্বাস্থ্য মিশনের অন্তর্গত ঊনকোটি জেলা স্বাস্থ্য মিশনের এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মা ও শিশুমৃত্যুর হার কমানো, প্রাতিষ্ঠানিক প্রসব করানো, অ-সংক্রামক ব্যাধির স্ক্রিনিং, ম্যালেরিয়া ও ডেঙ্গু প্রতিরোধে গৃহীত

ব্যবস্থা ইত্যাদি বিষয়ে পর্যালোচনা করা হয়। ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ জানান, প্রধানমন্ত্রী সুরক্ষিত মাতৃত্ব অভিযান সহ অন্যান্য কর্মধারার রূপায়ন, অপ্রাপ্তবয়সে গর্ভধারণ রোধ করা, নবজাতকের যত্ন ইত্যাদি বিষয়ে বৈঠকে আলোচনা ও মতবিনিময় করা হয়।

*************************

**Elephant :**

তেলিয়ামুড়ার কাছে শালবাগান এলাকায় গত শনিবার ট্রেনের ধাক্কায় গুরুতর আহত বন্যহাতিটির চিকিৎসা চলছে। রাজ্য বন দপ্তর সুত্রে জানা গেছে হাতিটি চিকিৎসায় সাড়া দিচ্ছে। এই ঘটনা নিয়ে বন দপ্তরের পক্ষ থেকে উত্তর-পূর্ব সীমান্ত রেলের লামডিং ডিভিশনে একটি অভিযোগ দায়ের করা হয়েছে বলে জানান গেছে। এন. এফ রেলওয়ের পক্ষ থেকেও এই ঘটনার তদন্ত করা হচ্ছে। উল্লেখ্য গত শনিবার দ্রুত গতিতে একটি ট্রেনের ধাক্কায় বন্য হাতিটি আহত হয়। বন্য হাতি চলাচল করে এই পথ ধরে। বন্যপ্রাণী সংরক্ষণ আইন অনুযায়ী হাতি বিলুপ্ত শ্রেণীতে পড়ে।

**************************

**Weather :**

আগরতলা শহর এখন ঘন কুয়াশায় ঢাকা। কুয়াশার জন্য দৃশ্যমান ক্ষমতা ১০০ মিটারে নেমে এসেছে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। রাস্তায় গাড়িগুলি ধীরে চলাচল করছে। এদিকে, আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারনত পরিস্কার থাকবে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪.৫ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৭ ডিগ্রির কাছাকাছি। আবহাওয়া প্রধানত শুস্ক থাকবে।

****************************